কানাইঘাটে বিনামূল্যে কৃষকদের মাঝে বীজ ও সার বিতরণ

কানাইঘাট প্রতিনিধি: কানাইঘাটে ২০২২-২৩ মৌসুমে বিগত বন্যায় ক্ষতিগ্রস্থ ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে রবি শস্য (গম, ভুট্টা, সরিষা, সূর্যমুখী, শীতকালীন পেয়াঁজ, মুগ, মশুর) আবাদ বৃদ্ধির লক্ষ্যে প্রনোদনা কর্মসূচীর আওতায় বিনামূল্যে বীজ ও রাসায়নিক সার বিতরণ করা হয়েছে।
আজ সোমবার (১৪ নভেম্বর) বিকেল ৪টায় উপজেলা সভা কক্ষে কানাইঘাট কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের আয়োজনে ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে শীতকালীন সবজি বীজ ও সার বিতরণ অনুষ্ঠানে উদ্বোধন করেন উপজেলা পরিষদের চেয়ারম্যান আব্দুল মুমিন চৌধুরী।
নির্বাহী কর্মকর্তা সুমন্ত ব্যানার্জির সভাপতিত্বে ও উপজেলা কৃষি কর্মকর্তা কাজী এমদাদুুল হকের পরিচালনায় প্রধান অতিথির বক্তব্যে উপজেলা চেয়ারম্যান আব্দুল মুমিন চৌধুরী বলেন, বর্তমান সরকার কৃষি বান্ধব সরকার। বিগত ভয়াবহ বন্যায় ক্ষতিগ্রস্ত সিলেট অঞ্চলের ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকরা যাতে করে তাদের সকল ফসলি জমিতে ধানের পাশাপাশি রবি শস্য ফলিয়ে ক্ষতি পুষিয়ে নিতে পারে এজন্য সরকার বিনামূল্যে সব ধরনের বীজ ও সার বিতরণ করছে। এতে করে কানাইঘাটের কয়েক’শ কৃষক নিজেরা স্বাবলম্বি হওয়ার পাশাপাশি খাদ্য শস্য উৎপাদনে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবেন। তিনি ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের এসব বীজ ও সার যথাযথ ব্যবহার করার জন্য আহ্বান জানান।
অনুষ্ঠান শেষে উপকারভোগী কৃষকদের হাতে এসব বীজ ও সার তুলে দেন অতিথিবৃন্দ।
অনুষ্ঠানে বক্তব্য রাখেন, কানাইঘাট প্রেসক্লাবের সাধারণ সম্পাদক নিজাম উদ্দিন। উপস্থিত ছিলেন, ঢাকা বারের আইনজীবি সেলিম উদ্দিন, বিভিন্ন ইউনিয়নে কর্মরত উপ-সহকারি কৃষি কর্মকর্তাবৃন্দ।
উপজেলা কৃষি কর্মকর্তা জানান, ইতিমধ্যে হাজারো কৃষকদের মাঝে বিনামূল্যে বিভিন্ন জাতের বীজ বিতরণ করা হয়েছে। এরই ধারাবাহিকতায় ২০২২-২৩ মৌসুমে উপজেলার আরো ২২৫০ জন কৃষককে রবি শস্য ও জনপ্রতি ২০ কেজি করে সার এবং ১৮৫০ জন কৃষকদের মাঝে বিভিন্ন জাতের সবজি বীজ বিতরণ করা হয়েছে।